# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০১৭

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - সওম পবিত্র করা

## আরবী

وَعَنِ الْبُخَارِيِّ تَعْلِيقًا قَالَ: كَانَ ابْنُ عُمَرَ يَحْتَجِمُ وَهُوَ صَائِمٌ ثُمَّ تَرَكَهُ فَكَانَ يَحْتَجِمُ بِاللَّيْلِ

## বাংলা

২০১৭-[১৯] ইমাম বুখারী হাদীসের তা’লীক পদ্ধতিতে বর্ণনা করেছেন যে, ইবনু ’উমার (প্রথম প্রথম) সায়িম অবস্থায় (শরীরে) শিঙ্গা লাগাতেন। কিন্তু পরে তিনি তা ত্যাগ করেন। তবে রাতের বেলা তিনি শিঙ্গা লাগাতেন।[1]

## ফুটনোট

[1] ইমাম বুখারী (রহঃ) তাঁর (بَابُ الحِجَامَةِ وَالقَيْءِ لِلصَّائِمِ) ‘সায়িমের শিঙ্গা লাগানো এবং বমন (বমি) করা’ অধ্যায়ে সানাদবিহীন অবস্থায় এটি বর্ণনা করেছেন। সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৮৩০৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَكَانَ يَحْتَجِمُ بِاللَّيْلِ) ‘‘(ইবনু ‘উমার  রমাযান (রমজান) মাসে) রাত্রে রক্তমোক্ষণ করাতেন।’’ ‘আল্লামা আল বাজী বলেনঃ ইবনু ‘উমার  যখন বৃদ্ধ হয়ে পরেন এবং দুর্বল হয়ে যান তখন দিনের বেলায় রক্তমোক্ষণ করালে দুর্বলতার কারণে সিয়াম ভেঙ্গে ফেলতে হতে পারে এই আশংকায় রাতে রক্তমোক্ষণ করাতেন। এজন্য যারা দিনে রক্তমোক্ষণ করালে দুর্বলতার কারণে সিয়াম ভেঙ্গে ফেলতে হতে পারে এই আশংকা করেন তাদের জন্য দিনের বেলায় রক্তমোক্ষণ করা মাকরূহ। এ মু‘আল্লাক হাদীসটি ইমাম মালিক স্বীয় মুয়াত্ত্বাতে নাফি' সূত্রে ইবনু ‘উমার (রাঃ) থেকে বর্ণনা করেছেন যে, তিনি সিয়ামরত অবস্থায় রক্তমোক্ষণ করাতেন। পরবর্তীতে তিনি তা পরিত্যাগ করেন এবং রমাযান (রমজান) মাসে ইফতার না করে রক্তমোক্ষণ করাতেন না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56577

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন